



-ঃ বিজ্ঞপ্তি ঃ-

এতদ্বারা রুয়েটের সকল বর্ষের সকল বিভাগের ছাত্র/ছাত্রীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০৯/২০২৩ খ্রি. তারিখ হতে অত্র বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের (২০২২ সিরিজ) ক্লাস শুরু হতে যাচ্ছে। অতীতে কোন কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ নানাভাবে হয়রানি ও প্রানহানির মতো অনাকাঙ্ক্ষিত ঘটনা এবং সিনিয়র শিক্ষার্থী কর্তৃক জুনিয়র শিক্ষার্থীদের হয়রানির শিকারও হয়েছে। এমনকি ক্যাম্পাস অশান্ত করে শিক্ষার সামগ্রিক পরিবেশকে বিঘ্ন ঘটানো হয়েছে। অদ্য ২৩/০৯/২০২৩ খ্রি. তারিখে মাননীয় ভাইস-চ্যান্সেলরের উপস্থিতিতে পরিচালক (ছাত্র-কল্যাণ) দপ্তর ও হল প্রভোস্টদের সমন্বয়ে এ সংক্রান্ত বিষয়ে বিস্তার আলোচনা হয়। উল্লেখ্য, যে ক্যাম্পাস ও হলে কোন প্রকার মাদক ব্যবহার ও র্যাগিং আইনত দণ্ডনীয় অপরাধ। এমতাবস্থায় ক্যাম্পাস, হলে ও হলের বাহিরে যে কোন প্রকার মাদক ব্যবহার ও র্যাগিং থেকে বিরত থাকার নির্দেশ দেওয়া হলো এবং প্রয়োজনে আইন অমান্যকারীদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

নির্দেশক্রমে

২৩/৯/২০২৩

পরিচালক (ছাত্র কল্যাণ)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- রুয়েট/পরিছাক ১৮৯/(৪০)

তারিখঃ ৮ আশ্বিন, ১৪৩০ বঃ
২৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ-

- ১। মাননীয় ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। সকল ডীনবৃন্দ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয় (বিভাগের সকল ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ)।
- ৪। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয় (হলের সকল আবাসিক ছাত্র/ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ)।
- ৫। প্রশাসক, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৬। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। অফিস নথি।

২৩.০৯.২০২৩

উপ-পরিচালক (ছাত্র কল্যাণ)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।